



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২৪২

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬

১০ মার্চ ২০২০

বিষয়: রংপুর বিভাগে খাদ্যবান্ধবসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য ডিআরটিসির মাধ্যমে ৯০০ মে.টন বোরো'১৯ সিদ্ধচালের চলাচল সূচির পূর্বানুমোদন প্রদান।

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ০৯/০৩/২০২০ খ্রিঃ তারিখের ১৩.০৮.০০০০.০০৫.৫০.০২১.১৬-৫৬৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মার্চ'২০২০ মাসের ভিজিডি ও খাদ্যবান্ধবসহ অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য রংপুর জেলার চাহিদার সমপরিমাণ বোরো'১৯ চাল মজুত না থাকায় বিভাগীয় ওয়ারেন্টি অনুযায়ী বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য কতিপয় এলএসডিতে বোরো'১৯ চাল সরবরাহ করা প্রয়োজন। রংপুর বিভাগের বিভিন্ন জেলায় বোরো'১৯ চালের মজুত ও আগামী মে'২০২০ পর্যন্ত চাহিদা পর্যালোচনা অনুযায়ী দিনাজপুর জেলায় নিজস্ব চাহিদার অতিরিক্ত বোরো'১৯ সিদ্ধ চাল হতে ওয়ারেন্টি অনুযায়ী বিলি-বিতরণের জন্য স্বল্প দূরত্ব বিবেচনা ও পশ্চাৎমুখী চলাচল পরিহার করে ডিআরটিসির মাধ্যমে সূচি জারির অনুমোদনের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে খাদ্যবান্ধবসহ ও অন্যান্য খাতে বিলি-বিতরণের জন্য দিনাজপুর সিএসডি হতে ৯০০ মে.টন বোরো'১৯ সিদ্ধ চাল ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নিম্নোক্তভাবে নির্দেশক্রমে প্রদান করা হলো।

সারণি-১ : রংপুর বিভাগে বোরো'১৯ সিদ্ধ চালের চলাচল সূচির পূর্বানুমোদন প্রস্তাব

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র		প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	দিনাজপুর	দিনাজপুর	সিএসডি	রংপুর	বদরগঞ্জ	এলএসডি	৪০০	বোরো'১৯ সিদ্ধ চাল	সড়ক	আখানি, রাজশাহী/ রংপুর উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	”	ঐ	তারাগঞ্জ	”	৫০০	ঐ	ঐ	
					মোট =		৯০০			

অনুসরণীয় নির্দেশনাঃ


(১) 'বোরো'১৯ সহ পুরাতন চাল নিষ্পত্তিকরণ' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১৮/০২/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৫৬ নং স্মারকে "কেন্দ্রীয় ওয়ারেন্টির প্রতি লক্ষ্য রেখে বিভাগীয় ও জেলার ওয়ারেন্টি নির্ধারণ করতে হবে। বিতরণের ২/৩ সপ্তাহ পূর্বে চলাচলসূচি জারি করে বোরো'১৯ চাল এলএসডি/সিএসডিসমূহ সুযম বন্টন নিশ্চিত করতে হবে। কোন জেলায় বোরো'১৯ চালের স্বল্পতা থাকলে জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ স্ব স্ব আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের নিকট চাহিদা পেশ করবেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ শাস্ত্রীয় রুট ও বোরো'১৯ চালের মজুত বিবেচনায় বিভাগের অভ্যন্তরে প্রয়োজনীয় চলাচল সূচি জারি করবেন।" পত্রটি কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে।

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-২৬৫ নং পরিপত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকে নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলারকর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার জন্য অনুসরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১০-৩-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের
কার্যালয়, রংপুর


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.২৪২/১(৮)

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৬

১০ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধ করা হলো)
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর।



১০-৩-২০২০

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক